

কীট পতঙ্গ নিয়ন্ত্রন নীতিমালা

(PEST CONTROL POLICY)

| পলিসি নং (Policy No) | ইস্যু তারিখ (Issue Date) | রিভিশন নং (Revision No) | রিভিশন তারিখ (Revision Date) | সর্বমোট পাতা (Total Page) | অনুমোদনকারী (Approved By) |
|-------------------------|-----------------------------|----------------------------|---------------------------------|------------------------------|------------------------------|
| | | | | | |

ভূমিকা :

উৎপাদন কারখানায় কর্মরত সকল কর্মী এবং উৎপাদিত পণ্যের জন্য একটি সুন্দর, স্বাস্থ্যকর ও নিরাপদ কর্মস্থল থাকা অত্যাবশ্যিক। কর্মস্থলে বিভিন্ন সময়ে উৎপাদন কর্মে ব্যবহৃত বিভিন্ন উপাদানের আকর্ষণে কিংবা নিরাপদ আশ্রয়ের আশায় কারখানার চারিপাশে বিচরণকারী বিভিন্ন ধরনের কীট পতঙ্গ কারখানার অভ্যন্তরে প্রবেশ করে থাকে কিংবা করার চেষ্টা করে। এসকল কীট পতঙ্গ কারখানার ভিতরে দীর্ঘ সময় অবস্থান করলে কারখানার কর্মপরিবেশ অ-স্বাস্থ্যকর করাসহ উৎপাদিত পণ্যের গুণগত মানের ব্যাপক ক্ষতি সাধন করে থাকে। তাই সকল ধরনের ক্ষতিকারক কীট পতঙ্গ নিধন ও নিয়ন্ত্রণের জন্য নীতিমালা প্রণয়ন করেছে।

উদ্দেশ্য :

-----গ্রুপ তার সকল অঙ্গ প্রতিষ্ঠানের সকল কারখানার সুস্থ কর্মপরিবেশ এবং উৎপাদিত পণ্যের নিরাপদ সংরক্ষণ নিশ্চিত করা।

পরিধি :

গ্রুপের সকল অঙ্গ প্রতিষ্ঠানের সকল কারখানার সকল উৎপাদন এলাকা, সকল এক্সেসরিজ ও ফেব্রিকস গুদাম, চূড়ান্ত পণ্যের গুদাম, সকল গোসলখানা ও শৌচাগার এবং কারখানার চারিপাশ এই কীট পতঙ্গ নিধন ও নিয়ন্ত্রণ নীতিমালার আওতাভুক্ত।

নিধন ও নিয়ন্ত্রণ পিরিয়ড :

ক্ষতিকর কীট পতঙ্গ নিয়ন্ত্রণ ও নিধন কার্যক্রম গুলো নিয়ন্ত্রণ/নিধন প্রক্রিয়ার উপর ভিত্তি করে রেগুলার/মাসিক/ষান্মাসিক ভিত্তিতে পরিচালিত হবে। নিয়ন্ত্রণ/নিধন প্রক্রিয়াটি পরিচালিত হবে দুই ভাবেঃ

- ১) কারখানার নিজস্ব পরিচালন পদ্ধতিতেঃ - যা কিছু কিছু নিয়ন্ত্রণ/নিধন প্রক্রিয়া যেমন- হলুদ আলো বিচ্ছুরনকারী বাব্ব, পেস্ট কিলিং বাব্ব, ডিটারজেন্ট ও জীবানুনাশক ব্যবহারের মাধ্যমে নিয়মিত ভিত্তিতে এবং কিছু কিছু নিয়ন্ত্রণ/নিধন প্রক্রিয়া যেমন- কীটনাশক ব্যবহারের মাধ্যমে মাসিক ভিত্তিতে পরিচালিত হবে।
- ২) বহিষ্ত পরিচালন পদ্ধতিঃ যা কারখানার বহিঃস্থ কোন লাইসেন্সধারী পেস্ট কন্ট্রোল কোম্পানীর মাধ্যমে প্রয়োজনীয় সকল ধরনের কীটনাশক ব্যবহার ও অন্যান্য নিধন প্রক্রিয়ার দ্বারা অন্তত প্রতি ছয় মাসে একবার পরিচালিত হবে।

পেস্ট কন্ট্রোল কার্যপ্রণালীঃ

এই নীতিমালা কারখানা প্রতিষ্ঠা এবং পরিচালনার ক্ষেত্রে অনুপূজ্ঞ অনুসরণ করা সকল স্তরে বাধ্যতামূলক। ক্ষতিকর বস্তু / কীটপতঙ্গ নিয়ন্ত্রন ব্যবহার সংক্রান্ত নীতিমালা প্রনয়ণ এবং উহা নিয়ুরূপ ভাবে অনুসরণ করা হয় :-

- ক) হলুদ আলো বিচ্ছুরনকারী বাল্ব ব্যবহারঃ কারখানার চতুর্দিকে প্রতিটি জানালায় কীটপতঙ্গ প্রতিরোধকারী বাল্বের ব্যবস্থা আছে যাতে সন্ধ্যার পর কারখানার ভিতরে কীটপতঙ্গ প্রবেশ করতে না পারে।
- খ) পেস্ট কিলিং বাল্ব ব্যবহারঃ কারখানার প্রতিটি প্রধান দরজায় কীটপতঙ্গ প্রতিরোধকারী পেস্ট কিলিং বাল্ব স্থাপন করা আছে যাতে দিনের বেলায় কিংবা সন্ধ্যার পর কারখানার ভিতরে কীটপতঙ্গ প্রবেশ করতে না পারে।
- গ) কীটনাশক ব্যবহারঃ মশা মাছির বংশ বিস্ফুর প্রতিরোধের জন্য মাসে অল্ভূত পক্ষে একবার পরিবেশ ও মানুষের জন্য সহনীয় মাত্রায় কীটনাশক স্প্রে গান দ্বারা কারখানার চারপাশে এবং অভ্যন্ডুরে কিছু কিছু নির্দিষ্ট স্থানে ও নর্দমাগুলিতে ছড়িয়ে দেওয়া হয়।
- ঘ) ডিটারজেন্ট ও জীবানুনাশক ব্যবহারঃ প্রতিদিন কমপক্ষে চারবার গোসলখানা ও শৌচাগার ডিটারজেন্ট ও জীবানুনাশক দ্বারা পরিস্কার করণের ব্যবস্থা রয়েছে।

প্রতিদিন কমপক্ষে দুইবার ভোজন কক্ষ ডিটারজেন্ট ও জীবানুনাশক দ্বারা পরিস্কার করণের ব্যবস্থা রয়েছে।

উপরোক্ত নীতিমালা সর্বদা মেনে চলার জন্য সকল স্তরের শ্রমিকদের নিয়মিত বুঝানো হয়ে থাকে। নীতিমালা হালনাগাদ রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে।

অনুমোদনক্রমে

----- এইচআর, এডমিন এন্ড কমপ্লায়েন্স